

# বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স (তৃতীয় তলা), ২৩/১, পাছপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা।

## সকল সদস্যদের জন্য

সার্কুলার নং- বিজিএ/ফেয়ার/২০১১/৩৯

তারিখঃ ১০/০৫/২০১১

বিষয়: আগামী ২১-২৪ আগস্ট, ২০১১ইং তারিখে যুক্তরাষ্ট্রের লাসভেগাস শহরে অনুষ্ঠিতব্য তৈরী পোশাকের উল্লেখযোগ্য মেলা **MAGIC SHOW**-তে অংশগ্রহন প্রসঙ্গে।

সম্মানিত সদস্যবৃন্দ,

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী, আগস্ট ২১-২৪, ২০১১ইং তারিখে যুক্তরাষ্ট্রের, লাসভেগাস শহরে রপ্তানী উন্নয়ন ব্যুরোর উদ্যোগে তৈরী পোশাকের উল্লেখযোগ্য মেলা **"MAGIC SHOW"** অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত মেলায় বিজিএমইএ'র সদস্য প্রতিষ্ঠানসমূহ অংশগ্রহন করতে পারেন এবং আগ্রহী সদস্য প্রতিষ্ঠানগুলির জন্য জানান যাচ্ছে যে,

- অংশগ্রহনকারী প্রতিটি প্রতিষ্ঠানের জন্য ১০ স্কয়ার মিটার ষ্টল বরাদ্দ দেয়া হবে।
- আসবাবপত্র হিসাবে ১টি টেবিল, ২ চেয়ার, কার্পেট, স্পট লাইট, বিদ্যুৎতের ছকেট, কোম্পানির সাইন বোর্ড দেয়া হবে।
- প্রতিটি ষ্টলের মোট মূল্য ৪,৫০,০০০/- টাকা। তবে ইপিবি কর্তৃক নির্ধারিত অংশ গ্রহন ফি হিসেবে সর্বসাকুল্যে মোট ভাড়া টাঃ ৩,৩৫,০০০(টাকা তিন লক্ষ পয়ত্রিশ হাজার) (ইপিবির রেজিস্ট্রেশন ফি সহ) ইপিবি'কে প্রদান করতে হবে। উল্লেখ্য যে, মোট Stall rent এর ৩০% রপ্তানী উন্নয়ন ব্যুরো সাবসিডি দিয়ে উক্ত ষ্টলের ভাড়া নির্ধারন করেছেন।
- অংশগ্রহনকারী প্রতিটি প্রতিষ্ঠানের ৩০ কেজি পর্যন্ত স্যাম্পল মেলায় প্রদর্শনের জন্য ইপিবি'র খরচে প্রেরণ করা হবে।
- উক্ত মেলায় অংশগ্রহনকারীকে হোটেল এবং ভ্রমণ ব্যয় বহন করতে হবে।
- মেলায় অংশগ্রহনের জন্য ভিসা অংশগ্রহনকারীকে নিজ দায়িত্বে সংগ্রহ করতে হবে। তবে এ ব্যাপারে ইপিবি, বিজিএমইএ এবং **MAGIC** লোকাল অফিস, ঢাকা, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।
- অংশ গ্রহনকারীকে অবশ্যই প্রতিনিধিত্বকারী কোম্পানীর সক্রিয় শেয়ার হোল্ডার হতে হবে।

আগ্রহী বিজিএমইএ'র সম্মানিত সদস্যদেরকে নির্ধারিত ফরম এ ইপিবি বরাবরে অংশগ্রহন ফি বাবদ টাঃ ৩,৩৫,০০০(টাকা তিন লক্ষ পয়ত্রিশ হাজার) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ও প্রয়োজনীয় তথ্যাদি, কাগজপত্র সহ আবেদন আগামী মে, ২৪, ২০১১ইং তারিখের মধ্যে বিজিএমইএ'র মেলা শাখায় (৫য় তলা) নিম্নে বর্ণিত কাগজপত্রসহ দাখিলের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

ক) অংশ গ্রহনকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, টেলিফোন, মোবাইল ও ফ্যাক্স নাম্বারসহ লেটার হেড প্যাডে আবেদন করতে হবে।

খ) মেলায় অংশ গ্রহণের জন্য মনোনীত ব্যক্তির দুই কপি ছবিসহ নাম ও পদবী উল্লেখ করতে হবে (মনোনীত ব্যক্তিকে অবশ্যই কোম্পানীর সক্রিয় শেয়ার হোল্ডার ভাইরেট্টর হতে হবে)।

গ) মনোনীত ব্যক্তির পাসপোর্ট এর ফটোকপি ভিসাপাতাসহ।

ঘ) যেসব পণ্য মেলায় প্রদর্শন করা হবে তার নাম (নীট, ওভেন ও সুয়েটার উল্লেখ পূর্বক) তার তালিকা সংযুক্ত করতে হবে।

ঙ) বিগত দুই বছরের পিআরসি'র ফটোকপি।

চ) কোম্পানী প্রোফাইল।

ছ) মেমোরেন্ডাম অফ আর্টিকেলস।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, মেলায় অংশগ্রহনকারীকে অবশ্যই ৬০দিন পূর্বে ভিসার জন্য আবেদন করতে হবে। কোন কারণে ভিসা আবেদন সফল না হলে শুধুমাত্র সে ক্ষেত্রে ষ্টলের টাকা ফেরৎ পাবেন। তবে এক্ষেত্রে অংশগ্রহনকারী কোম্পানীর যেকোন দুই জনের মধ্যে একজনের ভিসা সফল হলে বা ভিসা থাকলে সে কোম্পানীকে অবশ্যই মেলায় অংশগ্রহন করতে হবে, এক্ষেত্রে ষ্টলের মূল্য ফেরৎ দেয়া হবে না। অন্য কোন অজুহাতে মেলায় অংশগ্রহন না করলে ষ্টলের মূল্য ফেরৎ প্রদান করা হবে না।

ধন্যবাদান্তে,

মোঃ মুস্তাফিজুর রহমান

সচিব